

বি. ম্র. মহিলারা এ দু'আ পাঠ করতে
اللَّهُمَّ إِنِّي أَمْتَكُ وَبِنْتُ عَبْدِكَ وَبِنْتُ امْتَكُ

“আল্লাহ-ইম্মা ইন্নী আমাতুকা, ওয়া বিনতু আবদিকা ওয়া বিনতু আমাতিকা
...”, অর্থাৎ: হে আল্লাহ আমি আপনার বাচ্চী, আপনার (একজন) বাচ্চার কন্যা,
আপনার এক বাচ্চীর কন্যা ।

বিশেষ করে আল্লাহর ‘ইসমু আ’য়ম’ বা শ্রেষ্ঠতম নাম ধরে দু’আ করতে
হাদীসে উৎসাহ প্রদান করা হয়েছে। বিভিন্ন হাদীসে বলা হয়েছে যে, আল্লাহর ‘ইসমু
আ’য়ম’ এর ওসীলায় আল্লাহর নিকট দু’আ করলে আল্লাহ দু’আ কবুল করবেন। কিন্তু
‘ইসমু আ’য়ম’ কী সে বিষয়ে একাধিক সহীহ ও যয়ীফ রেওয়ায়েত রয়েছে। এখানে
কয়েকটি সহীহ হাদীস এ বিষয়ে উল্লেখ করছি:

যিক্রি নং ২০ : মহান আল্লাহর ইসমু আ’য়ম-১

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِأَنِّي أَشْهُدُ أَنَّكَ أَنْتَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ
الْأَحَدُ الصَّمَدُ الَّذِي لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ وَلَمْ يَكُنْ لَّهُ كُفُواً أَحَدٌ.

উচ্চারণ: আল্লাহ-ইম্মা ইন্নী আসআলুকা বিআলী আশহাদু আন্নাকা আনতাল্লাহ-
লা- ইলা-হা ইল্লা- আনতাল আ’হাদুস সামাদুল লায়ী লাম ইয়ালিদ, ওয়া লাম ইউলাদ,
ওয়া লাম ইয়াকুল লাহু কুফুওয়ান আ’হাদ ।

অর্থ: “হে আল্লাহ, আমি আপনার নিকট এই বলে প্রার্থনা করছি যে, আমি
ক্ষেত্র প্রদান করছি, আপনিই আল্লাহ, আপনি ছাড়া কোনো মা’বুদ নেই। আপনিই
কক, অমুখাপেক্ষী, যিনি জন্মদান করেননি ও জন্মগ্রহণ করেননি এবং তাঁর সমতুল্য
চট নেই।”

বুরাইদাহ (রা) বলেন, রাসূলুল্লাহ ﷺ দেখেন যে, এক ব্যক্তি সালাতরত
বস্তায় দু’আয় উপরের কথাগুলো বলছে। তখন তিনি বলেন :

وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَقَدْ سَأَلَ اللَّهَ بِاسْمِهِ الْأَعْظَمِ الَّذِي إِذَا دُعِىَ
بِهِ أَجَابَ وَإِذَا سُئِلَ بِهِ أَعْطَى

